কালের কণ্ঠ

তাং ১৩ JAN 2016
পৃঃ ৩৮ কলাম ৬

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট ও অবসর বোর্ডে নতুন সদস্যসচিব

**নিজস্ব প্রতিবেদক ▷**

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের নতুন সদস্যসচিব নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে দুটি বোর্ডই পুনর্গঠন করা হয়। গতকাল মঙ্গলবার বোর্ডের সদস্যদের নাম এক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করে মন্ত্রণালয়। এই বোর্ড তিন বছরের জন্য গঠন করা হয়।

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্য করা হয়েছে স্বাধীনতা শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক এবং ব্রাহ্মণবাড়িয়ার বঙ্গবন্ধু কারিগরি ও বাণিজ্যিক কলেজের অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজুকে। আর বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান অবসর সুবিধা বোর্ডের সদস্যসচিব করা হয়েছে কিশোরগঞ্জ সদরের পৌর মহিলা কলেজের অধ্যক্ষ শরীফ আহমেদ সাদীকে।